# ভালুকায় চুরি ও দখলচেষ্টায় জড়িত চক্রের দুইজন গ্রেপ্তার



অভিযুক্ত রাসেল মিয়া। ছবি: সংগৃহীত

ময়মনসিংহের ভালুকার উথুরা ইউনিয়নে একটি প্রতিষ্ঠানে চুরি, ভাঙচুর ও দখলের চেষ্টার ঘটনায় দুজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। রবিবার ভোরে বিশেষ অভিযানে রাসেল মিয়া ও তার সহযোগী অশ্রু মিয়াকে আটক করা হয়।

গত (৩১ জানুয়ারি) শনিবার প্রতিষ্ঠানের প্রতিনিধি মো. আব্দুল হালিম বাদী হয়ে ভালুকা মডেল থানায় মামলা করেন। অভিযোগে বলা হয়, দীর্ঘদিন ধরে রাসেল মিয়া ও তার লোকজন প্রকল্প এলাকায় অবৈধভাবে ঢুকে শ্রমিকদের ভয়ভীতি দেখানো, জমি দখলের চেষ্টা, বিভিন্ন স্থাপনা নষ্ট করা এবং মালামাল লুটপাট করে আসছিল।

সর্বশেষ ঘটনায় ইলেকট্রিক তার, পানির মোটরসহ বেশ কিছু মূল্যবান গাছ কেটে নিয়ে যাওয়ার কথা উল্লেখ আছে, যা বিক্রি করা হয়েছে বলেও অভিযোগে বলা হয়েছে। এ ছাড়া জমি দখল ও ভাঙচুরে প্রায় ২০ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানা যায়।

অভিযুক্ত রাসেল মিয়ার বাবা মো. জাহাঙ্গীর আলম ঘটনার সত্যতা স্বীকার করেন। স্থানীয় কয়েকজন বাসিন্দাও জানান, রাসেল দীর্ঘদিন ধরে এলাকায় বিভিন্ন অপরাধমূলক কাজে জড়িত এবং কোম্পানির জমিতে মাদক সেবন ও বিক্রিসহ অসামাজিক কর্মকাণ্ড চালিয়ে আসছেন।

এ বিষয়ে বাদী মো. আব্দুল হালিম মিয়া বলেন, “আসামিরা সংঘবদ্ধভাবে কোম্পানির গাছ কাটা, লুটপাট ও ক্ষয়ক্ষতির পাশাপাশি কোম্পানির বৈধ কার্যক্রমে বাধা সৃষ্টি করছিল। প্রতিবাদ করায় কোম্পানির কর্মচারীদের ওপর হামলার চেষ্টাও করা হয়।”

এর প্রেক্ষিতে রাত ২টার দিকে পৃথক অভিযানে আসামিদের গ্রেপ্তার করে থানায় নিয়ে আসে ভালুকা মডেল থানা পুলিশ।

ভালুকা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) জাহিদুল ইসলাম বলেন, “এজাহারে উল্লেখিত অভিযোগগুলো গুরুত্বের সঙ্গে যাচাই করে তাৎক্ষণিকভাবে অভিযান পরিচালনা করা হয়েছে। অভিযানে ২জন আসামীকে গ্রেপ্তার করা হয়েছে। মামলার অন্যান্য আসামিদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।”